

কার্যক্রমের শিরোনাম: কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা ও টাস্কফোর্স সদস্যদের তামাক নিয়ন্ত্রণ আইন অবহিতকরণ সভা  
স্থানঃ জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ তারিখ ও সময়ঃ ৪ আগস্ট ২০১৯, বিকাল ০৩.৩০মিনিট  
প্রধান অতিথি: জনাব মো. খায়রুল আলম সেখ, সমন্বয়কারী (যুগ্মসচিব), জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ  
সভাপতি: জনাব মো. হারুন-অর-রশীদ, জেলা প্রশাসক, নওগাঁ

জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের (এনটিসিসি-র) সার্বিক তত্ত্বাবধানে জেলা ও উপজেলা পর্যায়ে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০১৩ সালে সংশোধিত) এবং ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৫ বাস্তবায়নের লক্ষ্যে সারা দেশে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে গঠিত জেলা/উপজেলা টাস্কফোর্স কমিটি ও কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কাজ করে যাচ্ছেন। এলক্ষ্যে, এনটিসিসি তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে কর্মরত কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা ও জেলা/ উপজেলা টাস্কফোর্স কমিটির সদস্যদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ০৪ আগস্ট ২০১৯ তারিখে নওগাঁ জেলায় “তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা ও টাস্কফোর্স কমিটির সদস্যদের তামাক নিয়ন্ত্রণ আইন অবহিতকরণ সভা” শীর্ষক একটি সভা আয়োজন করা হয়। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল ও জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ যৌথ উদ্যোগে এ সভা আয়োজন করে।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য সেবা বিভাগের যুগ্মসচিব ও জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের সমন্বয়কারী জনাব মো. খায়রুল আলম সেখ। সভাপতিত্ব করেন জেলা প্রশাসক জনাব মো. হারুন-অর-রশীদ। সভায় সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো. কামরুজ্জামান, অতিরিক্ত পুলিশ সুপার আবু সাঈদ মো. আশরাফুল আলম, ডেপুটি সিভিল সার্জন ডা. মো. মনজুর-এ মুরশেদ প্রমুখ। সভায় প্রবন্ধ উপস্থাপন করেন এনটিসিসি'র প্রোগ্রাম অফিসার আমিনুল ইসলাম সূজন।

সভায় নওগাঁ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার, ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন বাস্তবায়নে জেলা টাস্কফোর্স সদস্য, জেলা স্যানিটারি ইনস্পেক্টর, সিনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা, উপজেলা স্যানিটারি ইনস্পেক্টরগণ উপস্থিত ছিলেন।

প্রবন্ধে তামাক নিয়ন্ত্রণ কেন জরুরি, তামাকের ক্ষতিকারক প্রভাব, তামাক নিয়ন্ত্রণে বৈশ্বিক পদক্ষেপ, বাংলাদেশে তামাকজাত দ্রব্যের



ব্যবহার ও এর ভয়াবহতা, বাংলাদেশের তামাক নিয়ন্ত্রণ আইন ও বিধিমালার গুরুত্বপূর্ণ ধারা, শাস্তি ও বিধি-বিধান এবং জেলা ও উপজেলা টাস্কফোর্স কমিটির সদস্যদের কার্যক্রম, দায়িত্ব ও কর্তব্য এবং সেইসাথে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাদের কার্যক্রম, দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বিস্তারিত পাওয়ারপয়েন্ট উপস্থাপনা করা হয়।

মুক্ত আলোচনায় উপস্থিত অংশগ্রহণকারীগণ তামাক নিয়ন্ত্রণ আইনের কার্যকরী বাস্তবায়নের লক্ষ্যে তাঁদের বিভিন্ন জিজ্ঞাসা, নিজস্ব অভিজ্ঞতা ও মতামত ব্যক্ত করেন। এনটিসিসির সমন্বয়কারী জনাব মো. খায়রুল আলম সেখ সেসকল প্রশ্নের উত্তর এবং তামাক নিয়ন্ত্রণ আইনের কার্যকরী বাস্তবায়নের লক্ষ্যে তাঁদের করণীয় সম্পর্কে বিভিন্ন দিক-নির্দেশনা দেন। মুক্ত আলোচনায় সকলে তামাক



নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে তাঁদের নিজ নিজ দৃঢ় অবস্থানের কথা ব্যক্ত করেন এবং তামাক নিয়ন্ত্রণ আইনের কার্যকরী বাস্তবায়নের লক্ষ্যে সভায় উপস্থিত তাঁদের অধিনস্ত কর্মকর্তাদেরকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করার অঙ্গীকার ব্যক্ত করেন।

প্রধান অতিথির বক্তব্যে মো. খায়রুল আলম সেখ বলেন, সকল পাবলিক প্লেস ও পাবলিক পরিবহনে ধূমপান বন্ধে পদক্ষেপ গ্রহণ করা দরকার। কারণ, পরোক্ষ ধূমপানও অধূমপায়ীদের জন্য মারাত্মক ক্ষতিকর। তামাকের কারণে প্রতিবছর ১ লক্ষ ৬১ হাজারের অধিক মানুষ মারা যায় এবং তামাকজনিত রোগের চিকিৎসার ব্যয় বছরে প্রায় ৩৩ হাজার কোটি টাকা। এ বিপুল পরিমাণ ক্ষতি কমিয়ে আনতে তামাক নিয়ন্ত্রণের বিকল্প নাই।

সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক মো. হাবুন-অর-রশীদ বলেন, নওগাঁ জেলায় তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে ধারাবাহিকভাবে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। এজন্য সভায় উপস্থিত সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা ও তাদের প্রতিনিধিদের নির্দেশনা প্রদান করা হয়।

তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে নওগাঁ জেলা ও উপজেলা সমূহে নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

প্রতিবেদন প্রস্তুতকারী

আমিনুল ইসলাম সুজন  
প্রোগ্রাম অফিসার, এনটিসিসি